DAD.....
DDA.....
DA.....

পত্র গ্রহণ নং- ১৬৭ তারিখঃ- ২২/৫/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

SEEN
OFFICE OF THE ASSET DIRECTOR
AD (DHAKA) | ১৪৬৩
DAD (S/H.O/N) | ১৪৬৩
DA (AD/S/N) | ২০২৩
DA (STORE)

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.১৩- ৪৬৯৬ (৮১০)

"অফিস আদেশ"

গত ১১ এপ্রিল ২০২৩ তারিখ মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সেবার মানকে আরো গতিশীল করার লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রতিপালন ও বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. ফায়ার স্টেশনের ডিউটি রোস্টারে লিডার, ড্রাইভার ও ফায়ারফাইটারকে পরপর ২দিন ১ম ও ২য় কলের স্থলে একই কলে ডিউটি দিয়ে ৩য় দিন (১দিন) ব্যারাক বিশ্রাম দিতে হবে। এরপর তার ডিউটি পরিবর্তন হবে। ডিউটি রোস্টার প্রতিদিন সেন্ট্রি পোস্টের দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে। অপারেশনে গমনকালে কল ইনচার্জের পকেটে ডিউটির চার্ট রাখতে হবে।

২. (ক) ১ম সাড়া প্রদানকারী ফায়ার স্টেশন দুর্ঘটনাস্থলে পৌঁছার পর দ্রুততম সময়ে পরিস্থিতি পর্যবেক্ষণ করে সাহায্যের প্রয়োজন হলে, নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে সাহায্য চাইবেন। সাথে সাথে পর্যায়ক্রমে নিকটতম দূরত্বের ফায়ার স্টেশন, সংশ্লিষ্ট ওয়্যারহাউজ ইন্সপেক্টর এবং উপসহকারী পরিচালক দুর্ঘটনাস্থলে উপস্থিত হয়ে অপারেশনের শক্তি বৃদ্ধি করবে।

(খ) দুর্ঘটনাস্থলে পৌঁছার পর প্রতিটি টার্ন-আউটের নেতৃত্বদানকারী কর্মকর্তা তার দলের সদস্যের নাম ও কার্যক্রম কমান্ড পোস্টে উর্ধ্বতন কর্মকর্তার নিকট অবগত করবেন।

৩. এখন থেকে ফায়ার স্টেশনে প্রতিদিন বিকালে গেমস ক্লাসের রোলকল অনুষ্ঠিত হবে এবং টার্ন-আউট মোতাবেক সারিবদ্ধ হয়ে পিটি ড্রেসে ফলিন হবে। রোলকলে অপারেশন কার্যক্রম আলোচনা হবে।

৪. ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ সংশ্লিষ্ট এলাকার ফায়ার স্টেশনে সপ্তাহের রবিবার, মঙ্গলবার এবং বৃহস্পতিবার জেনারেল রোলকলে উপস্থিত থাকবেন। এ উপস্থিতি ফায়ার স্টেশনে রেকর্ড আকারে রাখতে হবে।

৫. স্টেশনের প্রচলিত রুটিন মোতাবেক প্রতি শনিবার রোলকলের পর স্টেশনে রক্ষিত টার্ন-আউট এবং উদ্ধার কাজে ব্যবহৃত সকল সাজ-সরঞ্জামাদি ডিসপ্লে এবং চালু করে কাজের উপযোগী রাখতে হবে।

৬. সিনিয়র স্টেশন অফিসার/ওয়্যারহাউজ ইন্সপেক্টর/স্টেশন অফিসারকে সংশ্লিষ্ট এলাকার অগ্নি ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান চিহ্নিত করে ঐ প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপণ কাজে ব্যবহারের জন্য পানির উৎস নিশ্চিত করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট উপসহকারী পরিচালকগণ তত্ত্বাবধায়ন করবেন।

৭. বদলির আদেশ জারি হওয়ার পর সকলকে প্রচলিত নিয়ম অনুযায়ী বদলিকৃত কর্মস্থলে নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে হবে। এ লক্ষ্যে নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে সঠিক সময়ে ছাড়পত্র প্রদান করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত এ বিষয়ে কোনরূপ বিলম্ব করা যাবে না।

৮. এখন হতে ঢাকা মহানগরী, সাভার, নারায়ণগঞ্জ, গাজীপুর, চট্টগ্রাম মহানগরসহ অন্যান্য বিভাগীয় সদর দপ্তরের ফায়ার স্টেশনসমূহে কমপক্ষে ১০০০ লিঃ অকটনে এবং অন্যান্য ফায়ার স্টেশনে কমপক্ষে ৫০০ লিঃ অকটনে মজুদ রাখতে হবে।

উল্লেখ্য, মাননীয় মহাপরিচালক অথবা পরিচালক যে কোন সময় স্টেশনের কার্যক্রম ভিডিও কলের মাধ্যমে প্রত্যক্ষ করবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অনতিবিলম্বে কার্যকর হবে।

১৬/০৫/২৩

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপ পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পরিকল্পনা কোষ)/(উন্নয়ন)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপারেশন)/(ওয়্যারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/(পরিকল্পনা কোষ)/ (প্রশিক্ষণ)/ (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স .....ঢাকা.....(সকল)।
৮. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ...।
১৪. অধিদপ্তরের প্রশাসন/হিসাব/বাসা বরাদ্দ/রেকর্ড/ডাটা এন্ট্রি/ট্রেনিং/ছুটি/তদন্ত/রেশন/পেনশন/বৈদেশিক ক্রয় শাখা/ক্রয় ও স্টোর/ উন্নয়ন/পত্র গ্রহণ ও বিতরণ/রিফর্ম/এমটিও/ওয়্যারহাউজ/মিডিয়া সেল/পরিকল্পনা/এ্যাম্বুলেন্স/ফায়ার এন্ড সেফটি /আইসিটি।

স্মারক নং- ৫৮.০৩.৩০২৬.০০২.১৬.০১১৫.১৬- ১৯৩৩/২০

তারিখঃ ০৪/০২/১৪৩০ বাং
১৬/০৫/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. উপ পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা বিভাগ ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. উপ সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা(জোন-১/২/৩/৪/৫) নারায়ণগঞ্জ (জোন-১/২) মুন্সিগঞ্জ মানিকগঞ্জ গাজীপুর নরসিংদী। অধিদপ্তরের উপরোক্ত পত্রের মর্মানুযায়ী বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রিয় নিয়ন্ত্রণকক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা। বিষয়টি সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ আক্তারুজ্জামান
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা।